

## স্টাডি মেটেরিয়াল

১. সম্প্রদায় বলতে কি বোঝায়? এর সম্প্রদায়ের বৈশিষ্ট্যগুলি লেখ।

'সমাজ' ও 'সম্প্রদায়' শব্দদুটি আমরা সাধারণত অভিন্নার্থে প্রয়োগ করে থাকি; কিন্তু সমাজতাত্ত্বিক ও সমাজ-দার্শনিকদের মতে, শব্দদুটির অর্থগত যথেষ্ট পার্থক্য আছে। সমাজতত্ত্বে ও সমাজদর্শনে 'সমাজ' শব্দটির অর্থ 'সম্প্রদায়' অপেক্ষা অনেক বেশি ব্যাপক। 'সমাজ' বলতে বোঝায়, মানুষের স্বেচ্ছাকৃত পারস্পরিক সম্পর্কের সমগ্রবিন্যাস সম্প্রদায় যার অন্তর্ভুক্ত। সমাজতাত্ত্বিকদের মতে, যখন কোন জনসমষ্টি তাদের সংঘবদ্ধ জীবনের সার্বিক প্রয়োজন সাধনের উদ্দেশ্যে (বিশেষ কয়েকটি প্রয়োজনে নয়) একত্রে বসবাস করে, তখন সমাজের সেই অংশকে 'সম্প্রদায়' (Community) বলে। ম্যাকআইভার সম্প্রদায়ের সংজ্ঞায় বলেছেন, 'ছোট অথবা বড় যে কোন জনসমষ্টির সদস্যরা যখন নির্দিষ্ট একটি বা কয়েকটি স্বার্থসাধনের উদ্দেশ্যে মিলিত না হয়ে সংঘবদ্ধজীবনের মৌল প্রয়োজন সাধনের উদ্দেশ্যে মিলিত হয়, তখন সেই জনসমষ্টিকে 'সম্প্রদায়' বলা হয়'।

**সম্প্রদায়ের বৈশিষ্ট্য:-**

**প্রথমত**, সম্প্রদায়ের সদস্যদের মধ্যে এক ঘনিষ্ঠ সম্পর্ক থাকে এবং সেই সম্পর্ক সাধারণত প্রত্যক্ষ পরিচয়-ভিত্তিক। পরিবারের, গ্রামের অধিবাসীদের, জাতি বা উপজাতির সদস্যদের মধ্যে যে নিবিড় সম্বন্ধ-বন্ধন থাকে তা ব্যক্তিগত পরিচয়-ভিত্তিক।

**দ্বিতীয়ত**, সম্প্রদায় তার সদস্যদের সমগ্র মৌল প্রয়োজন সাধন করে। শিশু তার পরিবারের মধ্যে, মানুষ তার গ্রাম অথবা শহরের মধ্যে, আদিবাসী মানুষ তার জাতি বা উপজাতির মধ্যে থেকে সবরকম প্রয়োজন মেটাতে পারে, সংঘ-সমিতির মধ্যে যা সম্ভব হয় না।

**তৃতীয়ত**, সম্প্রদায়ের একটি নির্দিষ্ট ভূখণ্ড থাকে যেখানে সম্প্রদায়ভুক্ত সদস্যরা একত্রে বসবাস করে।

**চতুর্থত**, একই ভূখণ্ডে পাশাপাশি বসবাস করার জন্য সম্প্রদায়ের সভ্যদের মধ্যে পারস্পরিক সম্বন্ধ-বন্ধনের উৎপত্তি হয় যা সম্প্রদায়কে দৃঢ় ও সমাজদর্শন সুসংহত করে।

**পঞ্চমত**, স্বার্থ ও দৃষ্টিভঙ্গির প্রসারতা অনুসারে সম্প্রদায়ের ব্যাপকতা কম অথবা বেশি হয়। স্বার্থ ক্ষুদ্র হলে বৃহৎ নগরে বসবাস করলেও ব্যক্তি ক্ষুদ্র সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়, আর স্বার্থ ও দৃষ্টিভঙ্গি প্রসারিত হলে ক্ষুদ্র গ্রামে বসবাস করেও ব্যক্তি বৃহৎ সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হতে পারে।